

সকল নির্যাতকের বিরুদ্ধে রুখে দাঁড়াব, নারী ও কন্যাশিশুর অধিকার প্রতিষ্ঠা করব

আন্তর্জাতিক নারী দিবস, ২০০৭

বিশ্বের বিভিন্ন প্রান্তের নারীরা যখন নানা ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে, আমাদের দেশের নারীরা তখন বহুভাবে সহিংসতার শিকার হচ্ছে। অগণিত নারী ও কন্যাশিশুর শারীরিক-মানসিক নির্যাতনসহ ভয়াবহ নানা সহিংসতার চিত্র যেন এখানকার নিত্যদিনের বিষয়। ফলে সৃষ্টি হচ্ছে নারীদের জন্য নিরাপত্তাহীনতা, ব্যাহত হচ্ছে তাদের স্বাভাবিক জীবন। এমনকি কোন কোন ক্ষেত্রে অনেককে জীবনও হারাতে হচ্ছে। এতে নারীর মনোজগতে তৈরি হচ্ছে তীব্র ভীতি। শুধু তাই নয়, এর ফলে কর্মক্ষেত্রেও তাদের অংশগ্রহণ হয়ে পড়ছে সংকুচিত।

নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন বিদ্যমান পুরুষতান্ত্রিক কাঠামোরই প্রতিফলন। এই কাঠামোই নারীকে উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে পশ্চাৎপদ করে রেখেছে। বঞ্চনার ও বৈষম্যের এ বাস্তবতা যতই প্রসারিত হচ্ছে, জাতীয় উন্নয়নসহ সার্বিক উন্নয়ন ততই হয়ে পড়ছে বাধাগ্রস্ত। একইভাবে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, রাজনীতি, প্রশাসন, ক্ষমতা কাঠামো এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অবস্থান হয়ে উঠছে অত্যন্ত নাজুক। নারীর এই পশ্চাৎপদতা শুধু নারী সমাজকেই নয়, গোটা সমাজকে পিছনে টানছে। যদিও আমাদের সংবিধানের ২৮(২) অনুচ্ছেদেও বলা হয়েছে, “রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী, পুরুষ সমান অধিকার লাভ করিবেন।” কিন্তু সংবিধানের এই নির্দেশনাটি আমাদের রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবনে তাৎপর্যপূর্ণভাবে বাস্তবায়িত হয়নি।

তাই উন্নয়নের চলমান প্রক্রিয়াকে সুদৃঢ় করার লক্ষ্যে পরিবার ও সমাজ থেকে উপড়ে ফেলতে হবে সকল ধরনের সহিংসতা ও নির্যাতন, গড়ে তুলতে হবে সংঘবদ্ধ প্রতিবাদ ও প্রতিরোধ। প্রমাণ করতে হবে নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন প্রদর্শনকারীদের পার পেয়ে যাওয়ার কোন সুযোগ নেই – না পরিবারে, না সমাজে, না রাষ্ট্রে। চলমান এই সকল বর্বরোচিত ও ভয়াবহ সামাজিক সমস্যাগুলোর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। নারী ও কন্যাশিশুদের অধিকার আদায়ের জন্য সর্বস্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। সকল প্রকার সহিংসতা নিরসনে নারী-পুরুষদের সম্পৃক্ততা নিশ্চিত করার মাধ্যমে একটি ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে হবে।

যে কোনো সচেতন মানুষই পারে নারী ও শিশুর প্রতি সকল প্রকার নির্যাতন ও সহিংসতা দূরীকরণে নির্যাতনকারীর বিরুদ্ধে উচ্চ কণ্ঠে প্রতিবাদ জানাতে, পুরুষতান্ত্রিক মানসিকতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তে নারী-পুরুষ নির্বিশেষে সমতার ভিত্তিতে একটি সুস্থ সমাজ ব্যবস্থা গড়ে তোলার অঙ্গীকার করতে এবং নারী অধিকারকে মানবাধিকার হিসেবে স্বীকৃতি দিতে।

এ প্রেক্ষিতে আজকের ৮ মার্চ, আন্তর্জাতিক নারী দিবসের মূল চেতনা হোক ‘নারী নির্যাতকের বিরুদ্ধে রুখে দাঁড়ানো এবং নারী ও কন্যাশিশুর অধিকার প্রতিষ্ঠা করা’। তাই আসুন, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের সকল ক্ষেত্রে নারীর অধিকার প্রতিষ্ঠা ও তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আমরা সকলে মিলে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ হই:

- নারী ও কন্যাশিশুর প্রতি বৈষম্য মূলক সকল আইনের সংস্কার করে নির্যাতনকারীর শাস্তি নিশ্চিত করার জন্য সোচ্চার থাকব;
- নারীর প্রতি সকল প্রকার সহিংসতার বিরুদ্ধে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করব;
- নারী-পুরুষের মধ্যে বিদ্যমান সকল প্রকার বৈষম্য দূর করে, নারীর অধিকার প্রতিষ্ঠা করব;
- এ ধরনের অপরাধমূলক কাজ থেকে বিরত থাকতে স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ এবং এর কুফল ও নেতিবাচক পরিণতি সম্পর্কে তাদের সজাগ ও সক্রিয় করব;
- জাতীয় নারী উন্নয়ন নীতিমালা’ ৯৭-এর পূর্ণবহাল করার জন্য জনমত গড়ে তুলব;
- উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তিতে নারীর অধিকার নিশ্চিত করব;
- সিডও সনদের বাস্তবায়নের জন্য জোর প্রচেষ্টা চালাব;
- শিক্ষা, স্বাস্থ্যসহ গুরুত্বপূর্ণ সকল ক্ষেত্রে যথাযথ সুযোগ-সুবিধা পাওয়ার বিষয়ে সহযোগিতা প্রদান করব।



প্রকাশিত প্রকাশনা, ২০০৬

উজ্জীবক বার্তা, সূজন সংবাদ এবং আমরা করব জয়

নং	বর্ষ/সংখ্যা/মাস	শিরোনাম
উজ্জীবক বার্তা		
১.	বর্ষ-৬, সংখ্যা-২৫, জানুয়ারি-২০০৬	ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে আষ্টম উজ্জীবক পূর্ণিমালন অনুষ্ঠিত
২.	বর্ষ-৬, সংখ্যা-২৬, ফেব্রুয়ারি-মার্চ-২০০৬	দেশব্যাপি আন্তর্জাতিক নারী দিবস ২০০৬ উদযাপিত
৩.	বর্ষ-৬, সংখ্যা-২৭, এপ্রিল-মে- ২০০৬	সুশাসনের জন্য মানববন্ধন
৪.	বর্ষ-৬, সংখ্যা-২৮, জুন-২০০৬	বিষ্ণুপুর: গণকেন্দ্রিক উন্নয়নের এক ব্যতিক্রমি দৃষ্টান্ত
৫.	বর্ষ-৬, সংখ্যা-২৯, জুলাই-২০০৬	উন্নয়নের একটি অনন্য দৃষ্টান্ত: ইসলামপুর ইউনিয়ন
৬.	বর্ষ-৬, সংখ্যা-৩০, আগস্ট-সেপ্টেম্বর-২০০৬	দেশব্যাপিসপ্তমবারের মত উদযাপিত হল 'জাতীয় কন্যাশিশু দিবস, ২০০৬'
সূজন সংবাদ		
৭.	১ম বর্ষ, ১ম সংখ্যা, এপ্রিল-সেপ্টেম্বর-২০০৬	সুশাসনের জন্য মানববন্ধন
৮.	১ম বর্ষ, ২য় সংখ্যা, অক্টোবর-নভেম্বর-২০০৬	সূজনের প্রথম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত
আমরা করব জয়		
৯.	৫১ তম সংখ্যা, জানুয়ারি ২০০৬	ইয়ুথ এন্ডিং হাঙ্গারের দশম জাতীয় সম্মেলন ও দশক পূর্তি উৎসব অনুষ্ঠিত
১০.	৫২ তম সংখ্যা, ফেব্রুয়ারি, ২০০৬	নতুন বছরে নতুন আঙ্গিকে গলিত উৎসবের যাত্রা শুরু
১১.	৫৩ তম সংখ্যা, মার্চ-এপ্রিল ২০০৬	ইয়ুথ এন্ডিং হাঙ্গারের আয়োজনে সিলেটে দ্বিতীয় জেলা সম্মেলন 'সমন্বয়-২০০৬'
১২.	৫৪ তম সংখ্যা, মে-জুন ২০০৬	বিপন্ন পরিবেশ রক্ষায় অনন্য কিছু উদ্যোগ
১৩.	৫৫ তম সংখ্যা, জুলাই-সেপ্টেম্বর ২০০৬	আমরাও ওদর থেকে মেধায় কম নই
১৪.	৫৬ তম সংখ্যা, অক্টোবর-ডিসেম্বর, ২০০৬	নাগরিক সচেতনতায় 'সূজন'-এর পাশে ইয়ুথ সদস্যরা
১৫.	৫৬ তম বিশেষ সংখ্যা, ডিসেম্বর-২০০৬	সারা দেশ থেকে আগত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে শেষ হলো ইয়ুথ এন্ডিং হাঙ্গার-বাংলাদেশ এর একাদশ জাতীয় সম্মেলন
অন্যান্য প্রকাশনা		
১৭.	কন্যাশিশু-২	
১৮.	নারীর কথা-২	
১৯.	জাগরণের গল্পগাঁথা-৩	

মাসিক সভার বিবরণী

জানুয়ারি-ডিসেম্বর, ২০০৬



জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম

